# SEPS ভাড়া পরিপূরক কর্মসূচী

## তথ্যপত্র

## SEPS ভাড়া সহায়তা কর্মসূচী কী?

এই শহরের বিশেষ প্রস্থান এবং প্রতিরোধ পরিপূরক কর্মসূচী (Special Exit and Prevention Supplement, SEPS Program) আশ্রয়ে প্রবেশ করার ঝুঁকিতে এবং ইতিমধ্যেই আশ্রয়ে থাকা একজন প্রাপ্তবয়স্ক ও প্রাপ্তবয়স্ক পরিবারকে (বাচ্চা ছাড়া পরিবার) একটি স্থায়ী গৃহ পেতে সাহায্য করতে পারে। SEPS সহায়তা পরিপূরক গ্রহণ করার অনুমোদিত পরিবারের সংখ্যা উপলব্ধ তহবিলের কারণে সীমিত হতে পারে। সম্ভবতঃ যোগ্য একজন প্রাপ্তবয়স্ক এবং প্রাপ্তবয়স্ক পরিবার, SEPS প্রদানকারীর (সমাজ-ভিত্তিক সংস্থা) সাথে যুক্ত থাকবে, যেটি আবেদন সম্পূর্ণ করার জন্য এবং গৃহ খোঁজার জন্য পরিবারকে সাহায্য করবে। আশ্রয়, নিউ ইয়র্ক শহর গৃহহীণ পরিষেবা বিভাগের (Department of Homeless Services, DHS) গৃহ বিশেষজ্ঞ এবং কেস ম্যানেজাররাও সহায়তা প্রদান করার জন্য উপলব্ধ থাকবেন।

## যোগ্যতা আবশ্যকতাগুলি কি?

**<u>প্রথমত,</u> পরিবারকে এই চারটি গ্রুপের মধ্যে <u>একটির</u> অধীনে আসতে হবে:**

1. একজন সদস্য থাকতে হবে যিনি: (1) 2/1/17 এবং 2/1/18 তারিখের মধ্যে যে কোনও সময় DHS আশ্রয়ে নিবাস করেছেন এবং বর্তমানে DHS একক প্রাপ্তবয়স্কদের জন্য আশ্রয়ে (DHS Shelter for Single Adults) থাকেন বা (2) বর্তমানে DHS Shelter প্রাপ্তবয়স্ক পরিবারের জন্য আশ্রয়ে (Shelter for Adult Families) থাকেন, এবং
    - DHS আশ্রয় পদ্ধতিতে প্রবেশ করার 12 মাস আগে, নিউ ইয়র্ক শহরের আবাসন থেকে উচ্ছেদ করা হয়েছে বা ছেড়ে দিয়েছেন এবং যেটি উচ্ছেদ প্রক্রিয়ার সাপেক্ষ ছিল বা শহরের এজেন্সির দ্বারা জারি করা খালি করার আদেশের জন্য বা প্রতিরোধ প্রক্রিয়া বা শহরের এজেন্সি দ্বারা নির্ধারিত স্বাস্থ্য এবং সুরক্ষার কারণের জন্য এরকম আবাসন ছাড়তে হয়েছে, বা
    - অতীতে বা বর্তমানে মার্কিন যুক্ত রাষ্ট্রের সৈন্য পরিষেবা আছে, বা
    - (কেবল একক প্রাপ্তবয়স্ক)কে একটি আবাসিক মাদকদ্রব্য চিকিত্সা কর্মসূচীর, নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য কার্যালয় (Office of Mental Health) বা নিউ ইয়র্ক স্টেট মাদকদ্রব্যের কার্যালয় (Office of Mental Health) দ্বারা লাইসেন্সপ্রাপ্ত বা পরিচালিত আবাসিক কর্মসূচী বা সুবিধা কেন্দ্র থেকে DHS আশ্রয় পদ্ধতিতে পাঠানো হয়েছিল,
    - এবং মাদকদ্রব্য অপব্যবহার পরিষেবা (Substance Abuse Services), ফস্টার কেয়ার প্লেসমেন্ট বা সংশোধনমূলক প্রতিষ্ঠান ।
2. একজন সদস্য থাকে যিনি গার্হস্থ্য সহিংশ্রতার শিকার, যেমনটি নিউ ইয়র্ক শহর মানব সম্পদ প্রশাশন (Human Resources Administration, HRA) দ্বারা স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং একক প্রাপ্তবয়স্কদের জন্য DHS আশ্রয়ে থাকেন বা প্রাপ্তবয়স্ক পরিবারের জন্য DHS আশ্রয়ে থাকেন কিন্তু HRA আশ্রয়ে থাকার সুবিধা প্রত্যাখান করেন নি বা HRA আশ্রয়ে থাকেন এবং HRA আশ্রয়ে থাকার জন্য সর্বাধিক সময়সীমায় পৌঁছে গেছেন এবং একক প্রাপ্তবয়স্কদের জন্য DHS আশ্রয় বা প্রাপ্ত বয়স্কদের জন্য DHS-এ প্রবেশের ঝুঁকিতে রয়েছেন।
3. একক প্রাপ্তবয়স্কদের জন্য DHS আশ্রয়ে বা প্রাপ্তবয়স্ক পরিবারের জন্য DHS আশ্রয়ে প্রবেশের ঝুঁকিতে রয়েছেন এবং শেষ 12 মাসের মধ্যে উচ্ছেদ করা হয়েছে বা নিউ ইয়র্ক শহরের একটি আবাসনে বসবাস করেছেন যেটি উচ্ছেদ প্রক্রিয়ার সাপেক্ষ ছিল বা শহরের এজেন্সির দ্বারা খালি করার আদেশ জারি করা হয়েছিল বা প্রতিরোধ প্রক্রিয়া বা শহরের এজেন্সি দ্বারা নির্ধারিত স্বাস্থ্য এবং সুরক্ষার কারণের জন্য এরকম আবাসন ছেড়ে দিয়েছেন বা ছাড়তে হবে।
4. একজন সদস্য রয়েছেন যিনি একক প্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্ক পরিবারের জন্য DHS আশ্রয়ে প্রবেশের ঝুঁকিতে রয়েছেন এবং অতীতে বা বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্র সৈন্য পরিষেবায় রয়েছেন।

**<u>দ্বিতীয়তঃ,</u> পরিবারে নিম্নলিখিতগুলি নিশ্চিতভাবে থাকতে হবে:**

- একটি সক্রিয় বা একক জারি করা সরকারি সহায়তা কেস; এবং
- মোট পারিবারিক আয় যেটি ফেডেরাল দারিদ্রতা স্তরের 200%-এর বেশি নয়

<u>সবশেষে,</u> পরিবারকে একটি আবাসন ভাড়া নেওয়ার জন্য অবশ্যই একটি লিজ বা ভাড়ার জন্য লিখিত চুক্তি সংগ্রহ করতে হবে এবং সেই ভাড়া যেন SEPS ভাড়ার স্তরের মধ্যে হয় এবং অন্তত এক বছরের জন্য যেন ভাড়া বৃদ্ধির থেকে সুরক্ষিত থাকে এবং ভাড়া স্থিরকরণ আইন এবং নীতি বা আবাসন ও নগর উন্নয়ন নীতি বিভাগ (Department of Housing & Urban Development) অধীনে অনুমোদন ব্যতীত।

## এই কর্মসূচী কত সময়ের জন্য?

কর্মসূচীর জন্য তহবিল উপলব্ধ থাকা পর্যন্ত এবং পরিবার যোগ্য থাকা পর্যন্ত, কর্মসূচীর প্রথম বছরের পর পরিবার SEPS পরিপূরক সহায়তার চারটি এক-বছরের পুনর্নবীকরণ পেতে পারেন; এবং অনির্দিষ্টিকালের জন্য অতিরিক্ত এক-বছরের পুনর্নবীকরণ পেতে পারেন, যদি পরিবারে একজন সদস্য:

- যিনি সামাজিক সুরক্ষা প্রতিবন্ধী (Social Security Disability, SSD) বা পরিপূরক সুরক্ষা আয় (Supplemental Security Income, SSI) পেয়ে থাকেন বা পুনঃপৌনিক সরকারি সহায়তা গ্রহণ করছেন এবং নথিভুক্ত প্রতিবন্ধকতার ওপর ভিত্তি করে এরকম সুবিধার জন্য সম্ভবতঃ যোগ্য; **বা**
- যিনি ফেডেরাল বার্ধক্য প্রতিবন্ধী সুবিধা গ্রহণ করেন।

## একটি যোগ্য পরিবারকে ভাড়া হিসেবে কত অর্থ দিতে হবে?

SEPS কর্মসূচীতে নথিভুক্ত পরিবারকে অ্যাপার্টমেন্টের জন্য তার পরিবারের বার্ষিক আয়ের 30% অবশ্যই দিতে হবে বা ঘরের ভাড়া হিসেবে $50 দিতে হবে। যদি আপনি মাসিক সরকারি সহায়তা আশ্রয় ভাতা পেয়ে থাকেন তাহলে এটি আপনার ঘরের জন্য সম্পূর্ণভাবে আপনার অংশদানকে কভার করবে এবং একটি অ্যাপার্টমেন্টের জন্য আপনার অংশদানের একটি অংশ কভার করবে। আপনি লিজ স্বাক্ষর করার সময় সেই বছরের জন্য আপনার অংশদানের রাশি স্থির করা হয় এবং SEPS কর্মসূচীতে প্রথম বছরের জন্য পরিবর্তন হবে না কিন্তু কর্মসূচীর জন্য বার্ষিক পুনর্নবীকরণের সময় পর্যবেক্ষণ করা হবে। মোট মাসিক পারিবারিক আয়ের মধ্যে রয়েছে নিযুক্তির উপার্জন এবং অনুপার্জিত আয় যেমন SSI/SSD।

আপনার মাসিক আয়ের পরিমাণের থেকে বেশি ভাড়া প্রদান করা **উচিত নয়** এবং আপনার কোনও সিকিউরিটি ডিপোজিট বা ব্রোকার ফিও দেওয়া উচিত নয়। (এই শহর সিকিউরিটি ডিপোজিট এবং ব্রোকার ফি জারি করছে, যদি প্রয়োজন হয়।) এই ধরনের পেমেন্টকে সাইড ডিল বলা এবং SEPS কর্মসূচীর অধীনে **নিষিদ্ধ**। যদি কোনও ব্যক্তি আপনাকে এ ধরনের পেমেন্ট করতে বলে তাহলে আপনার 311 বা 929-221-0043 নম্বরে কল করা উচিত।

## কত পরিমাণ ভাড়া সহায়তা উপলব্ধ রয়েছে

SEPS কর্মসূচীর যথেষ্ট নমনীয়তা আছে এবং আপনাকে নিজের অ্যাপার্টমেন্ট বা ভাড়ার ঘরে যাওয়ার জন্য সাহায্য করতে পারে।
যদি আপনি একটি অ্যাপার্টমেন্টে যান, তাহলে আপনার SEPS ভাড়া পরিপূরক আপনার পারিবারিক আয় এবং আপনার পরিবারে কতজন সদস্য আছে তার উপর নির্ভর করবে। সর্বাধিক ভাড়ার পরিমাণ নিচের চার্টে তালিকাভুক্ত রয়েছে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে আইনতভাবে লিজে উল্লেখিত পরিমাণ বাদে আপনার থেকে অন্য কোনও চার্জ নেওয়ার অনুমতি বাড়িওয়ালার কাছে নেই। বাড়িওয়ালাদের হিট এবং গরম জলের জন্য অতিরিক্ত রাশি নেওয়া নিষিদ্ধ।
সমস্ত লিজ আপনার এবং আপনার বাড়িওয়ার মধ্যে এবং শহর এই লিজের একজন পক্ষ নয়।

| SEPS **কর্মসূচী সর্বাধিক ভাড়ার চার্ট** | | | | |
|---|---|---|---|---|
| **পরিবারের আকার** | 1 | 2 | 3 | 4 |
| সর্বাধিক ভাড়া | $1,213 | $1,268 | $1,515 | $1,515 |

*SEPS উদাহরণ*

নিম্নলিখিতটি একটি নমুনা ভাড়া অংশদান এবং ভাড়া পরিপূরক পরিমাণ।পরিবারের অংশদান এবং সর্বাধিক ভাড়া পারিবারের আয় এবং পরিবারের আকারের ওপর নির্ভর করবে।

| | |
|---|---|
| পরিবারের আকার: | 2 |
| সর্বাধিক ভাড়া: | $1,268 |
| মাসিক পারিবারিক আয়: | $1,320 |
| মাসিক ভাড়ার অংশদান | $396 |
| মাসিক ভাড়া পরিপূরক: | $872 |

**যদি আপনি একটি ভাড়ার ঘরে যান**:
একটি ভাড়ার ঘরের জন্য সর্বাধিক ভাড়া হল $800 এবং SEPS ভাড়া পরিপূরক পরিমাণটি বাস্তব ভাড়া ($800 পর্যন্ত) এবং পরিবারের মাসিক ভাড়ার অংশদানের মধ্যে ফারাকটি হবে।

### একটি পরিবার কিভাবে একটি অ্যাপার্টমেন্ট বা ঘর খুঁজে পাবে এবং একটি লিজ বা অন্যান্য ভাড়ার চুক্তি স্বাক্ষর করবে?

SEPS পরিষেবা প্রদানকারী গ্রাহকদেরকে SEPS-এর ব্যাপারে আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করবে এবং একটি যোগ্য SEPS অ্যাপার্টমেন্ট বা ঘর খুঁজতে সাহায্য করবে। আশ্রয়ের পরিবারের উদ্দেশ্যে সাহয়তা প্রদান করার জন্য তাদের গৃহ বিশেষজ্ঞ এবং কেস ম্যানেজার উপলব্ধ রয়েছেন।

যদি পরিবার একটি ঘর ভাড়া নেন, ভাড়াটি যেন নিম্নলিখিত মানদণ্ডগুলি অবশ্যই সম্পূর্ণ করতে হবে:
- অ্যাপার্টমেন্টে 3টির বেশি বেডরুম যেন না থাকে এবং অ্যাপার্টমেন্টের মধ্যে 3 জনের বেশি সম্পর্ক ব্যতীত প্রাপ্তবয়স্ক (SEPS পরিবার সহ) থাকতে পারবে না।
- যদি আপনি বাড়িওয়ালার থেকে একটি ঘর ভাড়া নেন তাহলে সেই ঘরটি যেন ভাড়া স্থিরকরণ সাপেক্ষ অ্যাপার্টমেন্টে না থাকে।
- যদি একটি অ্যাপার্টমেন্টের প্রাথমিক ভাড়াটিয়ার কাছ থেকে ঘর ভাড়া নেওয়া হয়ে থাকে তাহলে প্রাথমিক ভাড়াটিয়াকে অবশ্যই SEPS পরিবারের সাথে সেই অ্যাপার্টমেন্টে থাকতে হবে এবং ভাড়াটি যেন সেই অ্যাপার্টমেন্টে বেডরুমের সংখ্যার ওপর ভিত্তি করে SEPS পরিবারের অনুপাতের ভাড়ার থেকে বেশি না হয়।

SEPS-এর জন্য অনুমোদিত পরিবারগণ আসবাব ভাতা পাওয়ার জন্য যোগ্য হতে পারে এবং স্থানান্তরের সহায়তার জন্য ব্যবস্থার উদ্দেশ্যে তাদের আশ্রয়ে তাদের কেস ম্যানেজারের সাথে কাজ করা উচিত। অ্যাপার্টমেন্টের বাড়িওয়ালা প্রথমে চার মাসের ভাড়া (বা এক মাসের সম্পূর্ণ ভাড়া

এবং প্রথমে অতিরিক্ত তিন মাসের ভাড়া পরিপূরক) এবং সিকিউরিটি ডিপোজিট ভাউচারও পাবেন।

## এই কর্মসূচীতে একবার অংশগ্রহণ করার পর বাড়িওয়ালা এবং পরিবার কী সহায়তা পাবেন?

- HRA-এর ভাড়া সহায়তা কল সেন্টারে (Rental Assistance Call Center) 929-221-0043 নম্বরে ফোন করতে পারেন, তারা বাড়িওয়ালা এবং ভাড়াটিয়াকে কর্মসূচীর তথ্য, পরিষেবা উত্তর রেফারেল এবং পেমেন্ট অনুসন্ধানের বিষয়ে সাহায্য করতে পারেন।
- যে সমস্ত পরিবার HRA আশ্রয় ছেড়ে দিয়েছেন তারা একটি সমাজ-ভিত্তিক অনাবাসিক কর্মসূচীর সাথে যুক্ত থাকার জন্য 929-221-7270 নম্বরে কল করতে পারেন।

**এই পুস্তিকায় প্রদত্ত তথ্যগুলি SEPS ভাড়া পরিপূরক কর্মসূচীর একটি সাধারণ সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে। কর্মসূচীর পরিচালনা সম্পর্কিত সম্পূর্ণ বিবরণ প্রদান করার জন্য এটি তৈরি করা হয়নি।**